উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৯/২০২১ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে সেপ্টেম্বর'২০২১ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

14.09.21

(অমিত চক্রবর্ত্তী)
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২১-৭৫৭

তারিখ ঃ ৩০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ............................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম ।
০৫। অফিস কপি।

14.09.21

উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সেপ্টেম্বর'২০২১ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ
১। গত আগস্ট'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় আগস্ট'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলমান প্রেক্ষাপটে বন্যা পরবর্তী কচিঘাস গবাদি পশু খেলে বিভিন্ন ক্ষুরা রোগে আক্রান্ত হতে পারে। আগামী কোরবানী ঈদে সরবরাহের নিমিত্তে খামারীগণ কর্তৃক গরু মোটাতাজাকরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য পত্র পাওয়া গেছে। উপজেলা কৃষি প্রশিক্ষণ কন্দ্রের(প্রস্তাবিত) পার্শ্বেই উক্ত সংরক্ষণাগার নির্মাণের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের আলোকে সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পরিষদ চত্তরে বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ করা হয়েছে। উক্ত নির্মাণ কাজ সম্প্রসারণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত কাজটি প্রস্তাবিত ডিজাইনে বাস্তবায়নের নিমিত্তে ২০২১-২২ অর্থ বছরে এডিপি খাত হতে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে কাজ সম্প্রসারণ করার জন্য প্রাক্কলন প্রস্তত করা হয়েছে, যাহা অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রাক্কলন মোতাবেক প্রকল্প কমিটির মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা যেতে পারে। দ্রুত প্রকল্প কমিটি | ০১। বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ করার নিমিত্তে ২০২১-২২ অর্থ বছরে এডিপি খাত হতে প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২।রাস্তাসমূহ পাকাকরণের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং স্থানীয় সরকার বিভাগে প্রেরণের | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |



চলমান পাতা-২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় আরও জানান যে, নিম্নবর্ণিত রাস্তাসমূহ পাকা করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ প্রয়োজন।<br><u>প্রস্তাবিত নতুন রাস্তাসমূহ ঃ</u><br>০১। কাচানী পাড়া আঃ ছাত্তার ফকিরের বাড়ী হইতে উত্তর দিকে মন্ডল পাড়া পাকা রাস্তা পর্যন্ত ১.০০ কি.মি.।<br>০২। মোস্তান মোড় বাজার হতে পূর্বদিকে আলীর বাড়ী পর্যন্ত রাস্তা-০.৮০০ কি.মি.।<br>০৩। টাঙ্গালিয়া পাড়া কবর স্থান হইতে টাঙ্গালিয়া পাড়া প্রাঃ বিদ্যালয় পর্যন্ত রাস্তা-০.৫০০ কিঃ মিঃ।<br>০৪। ধুলাউড়ি মসজিদ হইতে নামাপাড়া দুলালের দোকান পর্যন্ত রাস্তা-০.৫০০ কিঃ মিঃ।<br>০৫। রাজিবপুর উপজেলার ডাক বাংলা হতে রাজিবপুর ইউপি পর্যন্ত রাস্তা-০.৫০০ কিঃ মিঃ।<br>০৬। কোদালকাটি বালিকা বিদ্যালয় হতে কোদালকাটি ইউপি অফিস ভায়া কাদের মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা-১.৫০০ কিঃ মিঃ।<br>০৭। মধ্যচর সাজাই মসজিদ হতে ফরিদুল মেম্বারের বাড়ী ভায়া আঃ হাই এর বাড়ী পর্যন্ত রাস্তা-০.৭০০ কিঃ মিঃ।<br>০৮। চর সাজাই ছক্কু চেয়ারম্যানের বাড়ী হতে পূর্বদিকে সোনাভরি নদীর পাড় পর্যন্ত রাস্তা-০.৭০০ কিঃ মিঃ।<br>০৯। চর সাজাই হানুর বাড়ী হতে করিমের বাড়ী পর্যন্ত রাস্তা-০.৪০০ কিঃ মিঃ।<br>১০। চর সাজাই আজিমুদ্দিনের বাড়ী হতে মান্নানের বাড়ী পর্যন্ত রাস্তা-০.৪০০ কিঃ মিঃ।<br>১১। চর সাজাই আবু বক্করের বাড়ী হতে হামানুনের বাড়ী পর্যন্ত রাস্তা-০.৬০০ কিঃ মিঃ।<br>১২। কোদালকাটি জিসি হতে নদীর ঘাট পর্যন্ত রাস্তা-০.৯০০ কিঃ মিঃ।<br>১৩। কাউনিয়ার চর হতে নয়াচর জিসি ভাড়া পাটাধোয়া পর্যন্ত রাস্তা-২.৪০০ কিঃ মিঃ।<br>১৪। নয়াচর বাজার হতে আম খাওয়া ঘাট পর্যন্ত রাস্তা-২.৮২০ কিঃ মিঃ।<br>১৫। নয়াচর ইউনুছের বাড়ী হতে নয়াচর দক্ষিণ পাড়া জিপিএস ভাড়া নয়াচর পশ্চিম মোল্লা পাড়া জিপিএস পর্যন্ত রাস্তা-৩.০০ কিঃ মিঃ।<br>১৬। সানন্দ বাড়ী মোড় হতে আমজাদের বাড়ী টু নদীর পাড় ভায়া চর নেওয়াজী হাইস্কুল পর্যন্ত রাস্তা-১.৮৫০ কিঃ মিঃ।<br>১৭। কির্তনতারী বাজার হতে বাংলা বাজার রোড-২.৫০০ কিঃ মিঃ।<br>১৮। চড়াইহাটী জিপিএস হতে কীর্তনতারী বাজার পর্যন্ত রাস্তা-১.৫০০ কিঃ মিঃ।<br>১৯। সন্যাসীকান্দি নদীর ঘাট হতে হামিদের বাড়ী রাস্তা-২.০০ কিঃ মিঃ।<br>২০। কীর্তনতারী বাজার হতে বড়বেড় আশ্রয়ণ কেন্দ্র পর্যন্ত রাস্তা-১.০০ কিঃ মিঃ।<br>২১। কীর্তনতারী বাজার হতে নাজিমুদ্দৌলার বাড়ী ভাড়া নুরুল হক মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা-১.০০ কিঃ মিঃ।<br>২২। পাটাধোয়া পাড়া হতে দারোগ আলীর বাড়ী ভায়া হযরত আলীর বাড়ী পর্যন্ত রাস্তা-১.০০ কিঃ মিঃ। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। উপজেলা পরিষদের বাসাবাড়ী ও ডরমেটারীতে বসবাসকারী চিহ্নিতকরণসহ বকেয়া ভাড়া ও বিদ্যুৎ বিল আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৩। জোয়ানের চর গ্রাম হতে বড়বেড় জিপিএস-০.৬০০ কিঃ মিঃ।<br>২৪। পাটাধোয়া পাড়া মামুন হাজীর বাড়ী হতে হাবিব ফকিরের বাড়ী ভায়া আঃ বারী মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা-০.৫০০ কিঃ মিঃ।<br>২৫। জোয়ানের চর খাঁ পাড়া হতে চর নেওয়াজী সরকারী প্রাঃ বিদ্যালয় পর্যন্ত রাস্তা- ১,০০ কিঃ মিঃ।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বাসাবাড়ী ও ডরমেটরীর ভাড়া নিয়মিত আদায় হচ্ছে না। ফলে পরিষদের রাজস্ব আয় হ্রাস পাচ্ছে। পরিষদের বাসাবাড়ী ও ডরমেটরীতে কে বা কাহারা বসবাস করছেন তার তথ্য এবং বসবাসকারী বরাদ্দ গ্রহণ করেছেন কি না, ভাড়া, বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধ করেছেন কিনা তার বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশীকে অনুরোধ করেন। অবৈধবাবে বাসাবাড়ী ও ডরমেটরীতে বসবাসকারীগণ হতে ভাড়া আদায়সহ দখল হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে এ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২১ অর্থ বছরের বরাদ্দকৃত পানির উৎসের স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষের প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপগুলো স্থাপন করা হয়েছে এবং পানির নমুনা ল্যাবরেটরীতে পরীক্ষা করার জন্য প্রেরণ করা হয়েছে। পানি পরীক্ষার ফলাফল পেলে পাটাতনগুলো নির্মাণ করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৬ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা স্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৭ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম |
| ০৮ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা ত্রাণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অফিসের বাথরুম মেরামত করণ এবং উপজেলা পরিষদ চত্তর হতে সমাজসেবা অফিসে গমনের রাস্তা নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে।<br>০২। উপজেলা সমাজসেবা অফিসের বাথরুম মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি মেনে প্রদত্ত রুটিন মোতাবেক শ্রেণী পাঠদান চলমান রয়েছে। সরকার পাড়া, ধুলাউড়ি ও তিনখোপা পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গর্ত/নিচু স্থান থাকায় মাটি ভরাট করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থকায় উপজেলা যুব উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমবায় কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসের ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান দাপ্তরিক ও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গত ১২ সেপ্টেম্বর ২০২১ হতে স্বাস্থ্য বিধি মেনে সকল শিক্ষা প্রতিষ্ঠান সীমিত আকারে শিক্ষা কার্যক্রম চালু হয়েছে। উল্লেখ যোগ্য সংখ্যক শিক্ষার্থী ঝরে পড়েছে এবং বাল্য বিয়ের মত ঘটনা ঘটেছে। উপজেলায় মোট (৬ষ্ঠ-১০ম) শ্রেণীর মোট শিক্ষার্থী ৭৪৩২ জন। তার মধ্যে ৪৮৭ জন ঝড়ে পড়েছে এবং ২৫৬ জন বাল্য বিবাহের শিকার হয়েছে। তাদের মধ্যে অধিকাংশই মেয়ে শিক্ষার্থী। এসএসসি পরীক্ষা/২০২১ এর সময় নির্ধারণ করা হয়েছে তবে চলমান বছরে জেএসসি/জেডিসি পরীক্ষা হবে না মর্মে সরকার সিদ্ধান্ত জানিয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। সভায় অনুমোদনের জন্য খাত ভিত্তিক ব্যয় উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) সেপ্টেম্বর/২০২১ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। সেপ্টেম্বর/২০২১ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক) বাবদ | ০১। সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে বাম পার্শ্বে বর্ণিত ০১ হতে ০৫ নং ক্রমিক পর্যন্ত উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫. | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| | | | |
|---|---|---|---|
| | ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। সেপ্টেম্বর/২০২১ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। সেপ্টেম্বর/২০২১ মাসের সুইপার ০১(এক) জন দৈনিক মজুরী (৫০০×২২ দিন) = ১১,০০০/-(এগার হাজার) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ তারিখ-১৬/০৮/২০২১ খ্রিঃ বরাদ্দ মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে ২৮ আগস্ট/২০২১ হতে ২০ সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য- মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ বাবদ ১,০০,০০০/- (একলক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রয়োজন এবং ২০২১-২২ অর্থ বছরে ২৬ সেপ্টেম্বর/২০২১ হতে ১৪ অক্টোবর/২০২১ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য- মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা ব্যয় করার অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজিবপুর-এর ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখের ২০০ নং স্মারক পত্রের প্রেক্ষিতে উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক গত ২০২০-২১ অর্থ বছরে অত্র উপজেলার কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরী সেবা প্রদানের লক্ষ্যে অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি (অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার, পাল্স অক্সিমিটার) ক্রয়/সরবরাহের নিমিত্তে অত্র কার্যালয়ের ২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখের ০৫.৪৭.৪৯০৮.০০০.০৩. ০০৫.২০-৫৩৮/১ নং স্মারক মুলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২০২০-২১ অর্থ বছরে অতিরিক্ত =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, ঢাকায় পত্র প্রেরণ করা হয়েছে।<br>এমতাবস্থায়, উক্ত পত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অতিরিক্ত =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেলে কোটেশন বিজ্ঞপ্তি আহবান পূর্বক অত্র উপজেলার ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র গ্রহণ, দরপত্র উন্মুক্ত করণ ও দরপত্র যাচাই-বাছাই কমিটি তথা মুল্যায়ন কমিটির মাধ্যমে অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি (কোভিড-১৯ আক্রান্ত রোগির | ২০.০০৪.২১-৪৫৪ তারিখ-১৬/০৮/২০২১ খ্রিঃ বরাদ্দ মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে ২৮ আগস্ট/২০২১ হতে ২০ সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য- মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ বাবদ ১,০০,০০০/- (একলক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং ২০২১-২২ অর্থ বছরে ২৬ সেপ্টেম্বর/২০২১ হতে ১৪ অক্টোবর/২০২১ খ্রিঃ পর্যন্ত করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য- মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। অত্র উপজেলার কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরী সেবা প্রদানের লক্ষ্যে অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি (অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার, পাল্স অক্সিমিটার) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অতিরিক্ত =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চিকিৎসা সরঞ্জাম) সরবরাহ করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কোটেশন বিজ্ঞপ্তি আহবান পূর্বক অত্র উপজেলার ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র গ্রহণ, কমিটি গঠন পুর্বক দরপত্র উন্মুক্ত করণ ও দরপত্র যাচাই-বাছাই কমিটি তথা মুল্যায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা সরঞ্জাম ক্রয় করে সরবরাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে আগামী সভায় উপস্থত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রশিক্ষণ আপাতত বন্ধ রয়েছে। বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান রাজিবপুর ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়নের আওতায় পাকা এবং কাচা রাস্তা বন্যা এবং অতিবৃষ্টির কারণে ভেঙ্গে গেছে। রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের শিমুলতলা সিরাজুদ্দৌলার বাড়ীর উত্তর পার্শ্ব হতে উত্তর দিকে হাজী মোতালেবের বাড়ীর পাকা রাস্তার মাঝ খানে কাচা রাস্তা পাকা করা প্রয়োজন। টাঙ্গালিয়া পাড়া হাফিজিয়া মাদ্রাসা হতে দক্ষিণ দিকে শিমুলতলার (কলেজ রোড) পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন।<br>মরিচাকান্দি উজির হোসেনের বাড়ীর সামনে থেকে পূর্বদিকে ডিসি রাস্তা পর্যন্ত পাকা করা প্রয়োজন। মরিচাকান্দির মসজিদের পার্শ্ব থেকে শিবেরডাঙ্গী নয়া পাড়া হাজী আঃ বারী সরকারের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা পাকা করণ। শিবেরডাঙ্গী বাজার থেকে পূর্বদিকে হাইস্কুল ভায়া দক্ষিণ দিকে ইমান আলীর বাড়ী ভায়া মেহের জামালের হতে পশ্চিম দিকে ডিসি রাস্তা পর্যন্ত পাকা করা প্রয়োজন। টি পাড়া খাজার ঘাটের পার্শ্বে একটি কাঠের ব্রীজ নির্মাণ করা প্রয়োজন।<br>তিনি আরও জানান যে, রাজিবপুর হাট-বাজারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ যেমন- ড্রেন সংস্কার ও গোলির রাস্তা পাকা করা প্রয়োজন। বালিয়ামারী হাট-বাজার রক্ষার জন্য হাটের পার্শ্বে জিনজিরাম নদীতে পাইলিং এর ব্যবস্থা করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান কোদালকাটি ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সরকারী | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নয়নমূলক কাজগুলো বাস্তবায়নে ৭জন ইউপি সদস্য কোন প্রকার সহযোগিতা করেন না এবং কোন সভার রেজুলেশন খাতায় স্বাক্ষর করে না। ফলে কোদালকাটি ইউনিয়নের উন্নয়নমূলক কাজ বাধাগ্রস্থ হচ্ছে। কোদালকাটি ইউনিয়নে ০৩(তিন) টি ওয়ার্ডে নদী ভাঙ্গনে প্রায় ৯৫টি বাড়ী নদীগর্ভে বিলীন হয়ে গেছে। উক্ত পরিবারকে রিলিফসহ পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। | | |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন ভাঙ্গা রাস্তা মেরামত করা প্রয়োজন। মহল্লাদার(গ্রাম পুলিশ) ৫জন নিয়োগ দেওয়া প্রয়োজন। পাটাধোয়া পাড়ায় অবস্থিত বড়বেড় সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তা মাটি ভরাট করা প্রয়োজন। সদ্য বন্যায় ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের রাস্তায় মাটি ভরাট করে সংস্কার করা প্রয়োজন। নয়াচর ফাজিল মাদ্রাসার পার্শ্বের ১০০ মিটার রাস্তা পাকা অথবা হেয়ারিং বন বোন্ড করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | পুলিশ টহল বৃদ্ধিসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। শান্তি শৃঙ্খলা রক্ষায় আনসার ও ভিডিপি সদস্য বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে সক্রিয় ভূমিকা পালন করছে। বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরীতে ভূমিকা রাখছে। কিন্তু উপজেলা আনসার ও ভিডিপি অফিসটি সম্পুর্ণ অনুপযোগী হয়েছে। একটি অফিস কক্ষের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১০) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসের ছাদ দিয়ে পানি ঝড়ে। অফিসের গুরুত্বপূর্ণ নথিপত্র, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়াও ছাদের আস্তরণ খসে পড়ছে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। উপজেলা পরিষদের একটি কক্ষ বরাদ্দ দেয়ার জন্য প্রস্তাব করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | আমার বাড়ি আমার খামার প্রকল্প | সমন্বয়কারী, আমার বাড়ি আমার প্রকল্প সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮(১২) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্রবিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা সভায় জানান স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনার টিকা গ্রহণের জন্য | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |

চলমান পাতা-৮

| | | | | |
|---|---|---|---|---|
| | | রেজিষ্ট্রেশনসহ বিভিন্ন অনলাইন আবেদন পুরণ কাজ অব্যাহত রয়েছে। আশ্রয়ন প্রকল্প-২ এর আবেদন ফরম পুরণ অব্যাহত রয়েছে। প্রায় ৩০০ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। | | |
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, রাজিবপুর অভিযোগ কেন্দ্রের আওতায় সকল কাজ সঠিকভাবে চলিতেছে। বর্তমান অফগ্রিড এলাকার কাজ চলমান আছে। পুরাতন লাইন আপগ্রেডেশন কাজ চলমান আছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৫) | **প্রেসক্লাব** | সভাপতি, প্রেসক্লাব, চর রাজিবপুর এর প্রতিনিধি সভায় বিধি মোতাবেক ও সুষ্ঠুভাবে সকল দপ্তরের কাজ করতে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ১৮(১৬) | **বিজিবি** | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকয় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৭) | **উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য** | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর ২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৮) | **মহিলা ভাইস চেয়ারম্যান** | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর ২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৯) | **ভাইস চেয়ারম্যান** | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর ২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, অত্র উপজেলায় ১৭ টি স্থায়ী কমিটি রয়েছে। কিন্তু কমিটির সভাপতি (ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান) এবং সদস্য সচিব(উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা) নিয়মিত স্থায়ী কমিটির কার্যক্রম করছেন না। স্থায়ী কমিটির সভা ০২(দুই) মাসে অন্তত একবার অনুষ্ঠান করার জন্য কমিটির সভাপতি(ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান) এবং সদস্য সচিব উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা'কে অনুরোধ করেন। অন্যথায় সংশ্লিষ্ট কমিটির বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ এবং উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় অনুপস্থিত কর্মকর্তাগণকে কারণ দর্শানোর নোটিশ দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করেন।

তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপ গাড়িটি অচল হয়ে পড়েছে। উক্ত জীপ গাড়িটি জরুরী মেরামত করা প্রয়োজন। জরুরী মেরামত করা না হলে একেবারে বিকল হওয়ার সম্ভাবনা রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের মেরামত খাত হতে =৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয় করে উক্ত জীপ গাড়িটি জরুরী মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর'কে অনুরোধ করেন।

তিনি আরও জানান যে, রাজিবপুর ইউনিয়নের বটতলা হতে পূর্বদিকে মোস্তান মোড় হয়ে বালিয়ামারী বাজার পর্যন্ত রাস্তা ভারী বর্ষণের কারণে বিভিন্ন জায়গায় ভেঙ্গে গর্ত হয়ে গেছে। এছাড়া চর রাজিবপুর সরকার পাড়া, মিয়া পাড়া, বালিয়ামারী মন্ডল পাড়া, কাচানী পাড়া ও গড়াইমারী রাস্তাগুলি বর্ষণের কারণে বিভিন্ন জায়গায় ভেঙ্গে গর্ত হয়ে গেছে। রাস্তার ভাঙ্গাগুলি জরুরী মেরামত করা না হলে যে কোন সময় বড় ধরনের সড়ক দুর্ঘটনা ঘটতে পারে এবং জান ও মালের ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায়, জনগণের জানমালের নিরাপত্তার স্বার্থে উক্ত ভাঙ্গা রাস্তাগুলি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জরুরী মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর'কে অনুরোধ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়নের ধারা অব্যাহত রেখে সকল কাজ বাস্তবায়ন করার জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। সভায় অনুপস্থিত সকল কর্মকর্তাকে কারণ দর্শানোর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৯

০৩। উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপ গাড়িটি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। রাজিবপুর ইউনিয়নের বর্ণিত কাঁচা রাস্তার ভাঙ্গাগুলি রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জরুরী মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৩। সভাপতি ও সদস্য সচিব, স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৯/২১

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২০-৭৭২

তারিখ ঃ ০৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর
বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

২০/০৯/২০২১

(অমিত চক্রবর্ত্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd